

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নধীন জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর মূল শুমারির তথ্য সংগ্রহ কার্যক্রমে সুপারভাইজার ও তথ্যসংগ্রহকারী পদের নিয়োগের লক্ষ্যে নিম্ন বর্ণিত শর্তে শুধুমাত্র জয়পুরহাট সদর উপজেলায় স্থায়ী ভাবে বসবাসকারী বেকার যুবক/যুবমহিলাগণের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র.সং	পদের নাম	প্রাপ্য ভাতাদি (টাকা)	প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা
০১	সুপারভাইজার	প্রকল্পের বর্তমান ডিপিপি অনুযায়ী সম্মানী ভাতা পাবেন।	১. ন্যূনতম উচ্চ মাধ্যমিক পাশ/সমমান হতে হবে, তবে স্নাতক উত্তীর্ণদের অন্যান্য যোগ্যতা পূরণ সাপেক্ষে অগ্রাধিকার প্রদান করা হবে। ২. নিজস্ব এন্ড্রয়েড মোবাইল/স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩. উপযুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে সুপারভাইজার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেওয়া হবে।
০২	তথ্যসংগ্রহকারী	প্রকল্পের বর্তমান ডিপিপি অনুযায়ী সম্মানী ভাতা পাবেন।	১. ন্যূনতম উচ্চমাধ্যমিক পাশ/সমমান হতে হবে। ২. নিজস্ব এন্ড্রয়েড মোবাইল/স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩. উপযুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে তথ্যসংগ্রহকারী হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেওয়া হবে।

বি. নং: উল্লিখিত হার প্রকল্পের বর্তমান ডিপিপির বর্ণনা অনুযায়ী। তবে ডিপিপি সংশোধিত হলে জাতীয় স্তরে প্রয়োজন দেখা দিলে কিংবা নতুন বিধিমালা জারি বা এ ধরনের ক্ষেত্রে উর্ধ্বতন কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুসারে উক্ত হার পরিবর্তিত হতে পারে।

শর্তাবলী:

- উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েব সাইট (www.bbs.joypurhatsadar.joypurhat.gov.bd) থেকে ডাউনলোড করে আবেদনের নির্ধারিত ফরম সংগ্রহ পূর্বক স্বহস্তে পূরণ করে আবেদন করতে হবে। এছাড়া আবেদনের নির্ধারিত ফরম জেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইট (www.bbs.joypurhat.gov.bd) থেকে ও সংগ্রহ করা যাবে।
- শুমারি তথ্য সংগ্রহ কার্যক্রমে তথ্যসংগ্রহকারীগণ ৭ (সাত) দিনে (২৫ অক্টোবর, ২০২১-৩১ অক্টোবর, ২০২১) গড়ে ১০০-১২০ টিখানার অথবা জোনাল অফিসার কর্তৃক নির্ধারিত তথ্য সংগ্রহ করবে এবং শুমারি সত্তাধের পূর্ববর্তী ২ (দুই) দিন সংশ্লিষ্ট গণনা এলাকা সরেজমিনে পরিদর্শন পূর্বক সকল খানা তালিকাভুক্ত করবে।
- শুমারির তথ্য সংগ্রহ Computer Assisted Personal Interviewing (CAPI) পদ্ধতিতে অনুষ্ঠিত হবে। বিধায় এন্ড্রয়েড মোবাইল/স্মার্টফোন পরিচালনার দক্ষতা আছে কেবল এমন প্রার্থীগণই আবেদন করতে পারবে।
- সুপারভাইজার/তথ্যসংগ্রহকারীগণ আবশ্যিকভাবে নিজস্ব এন্ড্রয়েড মোবাইল/স্মার্টফোন ব্যবহার করে ই-ট্রেনিং এ অংশগ্রহণ করবে।
- ই-ট্রেনিং-এ সফল হলেই কেবল শুমারিতে তথ্য সংগ্রহ ও তদারকি কাজে সুপারভাইজার ও তথ্যসংগ্রহকারী হিসেবে চূড়ান্তভাবে মনোনয়ন প্রদান করা হবে।
- শুমারি চলাকালীন সময়ে প্রার্থী নিজেকে অন্য কোন কর্মে নিযুক্ত করতে পারবেনা।
- ভুল বা অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। একজন ব্যক্তি একটমাত্র পদে আবেদন করতে পারবেন।
- সকল পদের আবেদন ফরম বন্ধ থাকার উপর ডানপার্শ্বে পদের নাম উল্লেখপূর্বক আগামী ১২-০৮-২০২১ খ্রি: তারিখের মধ্যে উপজেলা পরিসংখ্যান অফিসারের কার্যালয়ের নির্ধারিত স্থানে সরাসরি অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌছাতে হবে।
- মৌখিক পরীক্ষার সময় অবশ্যই নিজস্ব এন্ড্রয়েড মোবাইল/স্মার্টফোন ও সকল সনদপত্রের মূলকপি সঙ্গে আনতে হবে।
- প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ, ডিএ প্রদান করা হবে না।
- প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ড এবং উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইটে (www.bbs.joypurhatsadar.joypurhat.gov.bd) প্রকাশ করা হবে।
- ই ট্রেনিং শেষে শুমারির জন্য চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীদের তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ড এবং উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইটে (www.bbs.joypurhatsadar.joypurhat.gov.bd) প্রকাশ করা হবে।
- নির্বাচিত প্রার্থী মূল শুমারির প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজে অগ্রহী নন বলে গণ্য হবেন এবং তার নিয়োগ তাৎক্ষণিকভাবে বাতিল বলে গণ্য হবে।
- শুমারি চলাকালীন সময়ে কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী কার্যক্রম সম্পাদন করবেন, অন্যথায় তাকে কার্যক্রম থেকে বাতিল করা হবে।
- ইতোপূর্বে লিটিং অপারেশনের জন্ম নিৰ্বাচিত প্রার্থীদের নতুনকরে আবেদন করতে হবেনা।
- শুমারির জন্য চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীদের মোবাইল ব্যাংকিং হিসাব (বিকাশ একাউন্ট নম্বর) সচল রাখা বাধ্যতামূলক।
- এ নিয়োগটি শুধুমাত্র শুমারি কার্যক্রম চলমান সময় পর্যন্ত বলবৎ থাকবে এবং শুমারি কার্যক্রম শেষ হওয়ার পর থেকে নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্যে গঠিত নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

মো: আরাফাত হোসেন
উপজেলা নির্বাহী অফিসার
জয়পুরহাট সদর, জয়পুরহাট।

ও
সভাপতি

জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর
তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজার নির্বাচনী কমিটি
জয়পুরহাট সদর, জয়পুরহাট।